ঝাড়গ্রাম জেলা পরিষদ

মিশন নির্মল বাংলা আমাদের প্রতিজ্ঞা। আমাদের গর্ব।

ঝাড়গ্রাম :: ৭২১৫০৭

aeojhargramzp@gmail.com

স্মারক নং - ৩৭৮ /XII/বন ও ভূমি/ঝা:জে:প:/২০ তারিখ- ০৮.০৭.২০২০

বিজ্ঞপ্তি

(নীলাম ডাক)

এতদ্বারা সংশ্লিষ্ট জনসাধারণের উদ্দেশ্যে জানানো যায় যে, গত ২৪.০৬.২০২০ তারিখে ঝাড়গ্রাম জেলা পরিষদের অধীন নিম্নলিখিত ফেরীঘাটগুলির ২০২০-২১ সালের জন্য নীলামের প্রক্রিয়ায় উপযুক্ত সংখ্যক দরদাতা উপস্থিত ছিলেন না। বর্তমানে আগামী ২৩/০৭/২০২০ তারিখে নিম্নবর্ণিত সূচি এই অনুযায়ী এই ফেরীঘাটগুলির ০১.০৮.২০২০ - ৩১.০৩.২০২১ সময়কালের জন্য নীলাম ডাকের মাধ্যমে ইজারাবন্দোবস্ত দেওয়া হবে।

খেয়াঘাট গুলির নাম, নীলাম ডাকের তারিখ, জামানত পরিমান এবং অন্যান্য তথ্য নীচের ছকে দেওয়া হল।

ঝাড়গ্রাম/ গোপীবল্লভপুর-১/ নয়াগ্রাম/ গোপীবল্লভপুর -২, সাঁকরাইল পঞ্চায়েত সমিতির অধীনে -

নীলামের স্থান : অফিস কক্ষ, অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

খেয়া ঘাটের নাম	পঞ্চায়েত সমিতির নাম	ডাকের পুর্বে যে পরিমান অর্থ জমা দিতে হবে	সরকারী ডাকের প্রারম্ভিক পরিমান (০১/০৮/২০-৩১/৩/২১ সময় কালের জন্য)	নীলামের তারিখ	সময়
নারায়ণপুর	ঝাড়গ্রাম	৬৮০০	৬৮৫০০	২৩/০৭/২০২০	১২.০০ টা
নৈহাট	নয়াগ্রাম	২৯০০০	২৯২০০০	২৩/০৭/২০২০	১২. ১৫ টা
কমলাপুর	নয়াগ্রাম	১০০	৯০০	২৩/০৭/২০২০	১২.৩০ টা
ডাংরিয়া পাল	গোপী -২	২০০	২৩০০	২৩/০৭/২০২০	১২.৪৫ টা
করবনিয়া	গোপী - ১	২০০	১৫০০	২৩/০৭/২০২০	১.০০ টা
শ্যামসুন্দরপুর (চরচিতা)	গোপী -২	৪০০	৪২০০	২৩/০৭/২০২০	১.১৫ টা
আলমপুর	গোপী - ১	১০০	১০০০	২৩/০৭/২০২০	১.৩০ টা

নীলামের শর্তাবলী নিম্নরূপ :-

১। ঝাড়গ্রাম জেলা পরিষদ পরিচালনাধীন সংশ্লিষ্ট তালিকায় ফেরীঘাটগুলি ইংরেজী ২০২০ সালের ১ লা আগষ্ট থেকে ২০২১ সালের ৩১ শে মার্চ পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হবে। ঘাটের জন্য সর্বোচ্চ ডাক সেই ঘাটের বার্ষিক খাজনা হিসাবে ধার্য্য হবে।

২। ইংরেজী ২০২০ সালের ১ লা আগষ্ট থেকে ২০২১ সালের ৩১ শে মার্চ পর্যন্ত নীলাম ডাক এবং ঐ ডাক সর্বোচ্চ বিধায় গৃহীত হলে উক্ত সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমূহ অর্থ তৎক্ষণাৎ অত্র পরিষদে জমা দিতে হবে।

৩। প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দিতে হবে। যদি তিনি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে (সর্বাধিক দু'ঘন্টার মধ্যে) মিটিয়ে দিতে না পারেন অনুরূপ ভাবে ৩য় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়ায় ডাক চলতে থাকবে। যদি পাশাপাশি ডাকের মধ্যে খুব

বেশী টাকার পার্থক্য থাকে, সেক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল ঘোষণা করতে পারবেন। সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষণাৎ জমা না দিলে জমা দেওয়া তাঁর জামানত বাজেয়াপ্ত হবে এবং দ্বিতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ প্রদান করতে হবে। জামানত বাজেয়াপ্ত-এর ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে। অনেক সময়ে নগদে সমস্ত টাকা এককালীন দেওয়ার ক্ষেত্রে ডাকে অংশ গ্রহণকারী ব্যক্তিগণ বেশী পরিমান টাকা দূর থেকে নগদে বহন করার অসুবিধার কারণ দেখিয়ে সর্বোচ্চ ডাকের টাকায় কিছু অংশ পরবর্তীকালে পরিশোধ কারার জন্য প্রার্থনা করেন। বিশেষভাবে তাদের জন্য জেলা পরিষদের বক্তব্য যে, মনে করলে সরকারী ডাকের অর্থ তাঁরা (স্টেট ব্যাঙ্ক অব্ ইন্ডিয়া, ঝাড়গ্রাম শাখার, ঝাড়গ্রাম জেলা পরিষদ অ্যাকাউন্টে NEFT-র মাধ্যমে ঐ দিন জমা দিয়ে তার রসিদ জমা দিতে পারবেন) নিয়ে আসতে পারেন। কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তাৎক্ষণিকভাবে মেটানোর ক্ষেত্রে কোনও ওজোর আপত্তি শোনা যাবে না।

৪। ডাক চলাকালীন সময়ে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা দর্শানোর জন্য বলতে পারবেন এবং ডাককারী তা দর্শাতে বাধ্য থাকবেন। যদি টাকা না দর্শাতে পারেন তাহলে তাঁকে পরবর্তী রাউন্ড থেকে ডাকের শেষ রাউন্ড পর্যন্ত আর ডাক দিতে দেওয়া যাবেনা।

৫। কোনরূপ কারণ না দেখিয়ে যে কোন ডাক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে। জেলা পরিষদের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। যে সকল ডাককারী ঘাট নিতে অস্বীকার করবেন বা পুরো টাকা দিতে পারবেন না, তাদের অগ্রিম জমা টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তাঁরা তাদের ডাকের সমপরিমান অর্থ ঐ সময়কালীন খাজনার টাকার দায়ী হবেন। প্রতারনার জন্য দন্ডবিধি আইনানুসারে দন্ডনীয় হবেন। ঘাট নীলাম হলে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তাঁরা দায়ী হবেন।

৭। যদি কোন ডাককারী নিজ নাম গোপন করে কাল্পনিক নামে ডাকে অংশ নেন অথবা নোটীশে বা এগ্রিমেন্টের শর্ত অথবা কর্তৃপক্ষের ও পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য প্রকারে পরিষদকে প্রতারিত করবার চেষ্টা করেছেন বলে প্রমাণিত হয় তবে আইনত দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে।

৮। যিনি ইজারাদার নিযুক্ত হবেন তিনি পরিষদের নির্দিষ্ট এগ্রিমেন্ট সম্পাদন করবেন অন্যথায় ঘাটের দখলি পরোয়ানা দেওয়া যাবেনা এবং যিনি পরোয়ানা না নিয়ে দখল নিবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

৯। ফেরীঘাটসমূহের নীলাম ডাক পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হবে। যদি কোন ফেরীঘাট এর নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তা হলে পুনরায় নীলাম ডাক হবে ও নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হবে। ফেরীঘাট ইজারা বিলি পরিষদে মঞ্জুরী সাপেক্ষে।

১০। পূর্বতন ইজারাদারের টাকা বাকী থাকলে তিনি অংশ গ্রহণ করতে পারবেন না।

১১। ফেরীঘাট পারাপার করবার জন্য নৌকা সরবরাহ, মেরামত, নিরাপত্তামূলক ব্যবস্থা, দাঁড়ি, মাঝি প্রভৃতি রাখবার ব্যয় ও দায়িত্ব ইজারাদারকে নিজ হাতে বহন করতে হবে।

১২। ইজারাদারকে ফেরী ঘাটের আইন ও আইনের সমস্ত নিয়মগুলি বর্তমানে যা আছে এবং ভবিষ্যতে যা হবে তা পালন করে ঘাটের কাজ চালাতে হবে।

১৩। মাশুলের হার শর্তাবলী ও বিস্তৃত নিয়মকানুন জেলা পরিষদ অফিসে জানতে পারা যাবে।

১৪। যাহারা সংশ্লিষ্ট ফেরীঘাটের ২০২০ সালের সর্বোচ্চ ডাককারী হিসাবে গণ্য হবেন তাঁরা উক্ত ফেরী ঘাটের দখল **২০২০ সালের ১ লা আগষ্ট থেকে ২০২১ সালের ৩১ শে মার্চ** পর্যন্ত ইজারাদার হিসাবে নিযুক্ত হবেন। পূর্বতন ইজারাদার **২০২০ সালের ১ লা আগষ্ট** থেকে নতুন ইজারাদারকে দখল ছেড়ে দিতে বাধ্য থাকবেন ।

১৫। ২০০৯ সালের পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের সংশোধনী উপবিধি অনুযায়ী খেয়া মাশুল আদায় হবে এবং খেয়াঘাটের ইজারাদারদের নৌযানের রেজিষ্ট্রিকরণ এবং নবীকরণ ফি জমা দিয়ে নথীভূক্তকরণ বাধ্যতামূলক।

১৬। যিনি ডাকে অংশ গ্রহন করবেন তিনি নিজের পরিচয়ের জন্য যে কোন একটি পরিচয়পত্র সঙ্গে নিয়ে আসবেন (ফটোকপি)।

১৭। অংশগ্রহণকারীরা ডাককারীরা ডাক চলাকালীন ডাকের সমস্ত নিয়মাবলী ও শৃঙ্খলা বজায় রাখবেন।

6/7/2020

সচিব
ঝাড়গ্রাম জেলা পরিষদ

স্মারকনং - ৩৭৮ /(৪৫)/XII/বন ও ভূমি/ঝা:জে:প:/২০ তারিখ- ০৮.০৭.২০২০

প্রতিলিপি অবগতির জন্য প্রেরণ করা হল :-

১। সভাধিপতি, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

২। সহ সভাধিপতি, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৩। কর্মাধ্যক্ষ, বন ও ভূমি ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৪। আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৫। নির্বাহী বাস্তুকার, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৬। সহ বাস্তুকার, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৭। অবর বাস্তুকার, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৮। জেলা তথ্য সাংস্কৃতিক আধিকারিক, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

৯। ভারপ্রাপ্ত আধিকারিক, ঝাড়গ্রাম থানা, আপনাকে উক্ত দিন পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হল।

১০। সভাপতি/ নির্বাহী আধিকারিক, ______________________________ পঞ্চায়েত সমিতি মহাশয়ের অবগতি ও প্রচারের নিমিত্ত প্রেরিত হল।

১১। প্রধান, ______________________________ গ্রাম পঞ্চায়েত।

১২। প্রতিলিপি শ্রী ______________________________ এর অবগতির জন্য প্রেরণ করা হল।

১৩। DIO, NIC ঝাড়গ্রাম। ফেরীঘাটের নোটীশ ঝাড়গ্রাম জেলার সরকারি ওয়েবসাইটে https://jhargram.gov.in upload করা অনুরোধ জানানো হল।

১৪। আপ্তসহায়ক, জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

১৫। আপ্তসহায়ক, অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ঝাড়গ্রাম জেলা পরিষদ।

১৬। আপ্তসহায়ক, মহকুমা শাসক, ঝাড়গ্রাম।

8/7/2020

সচিব

ঝাড়গ্রাম জেলা পরিষদ